

কিউট্র্যাক



সক্রিয় উপাদান: 30% Culure + 0.5% Abamectin

কিউট্র্যাক একটি আধুনিক ধরনের আকর্ষণ ও মেরে ফেলা (Attract & kill) পদ্ধতির ফাঁদ যা কুমড়া জাতীয় ফসলের পুরুষ মাছি পোকা (Fruit Fly) দমন করার জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। পুরুষ মাছি পোকাগুলো এর সংস্পর্শে এসে মারা যাওয়ার ফলে পোকার প্রজনন হ্রাস পায় যার ফলে পোকার বংশবৃদ্ধির সুযোগ কমে যায়, তাই পোকার আক্রমণের মাত্রাও কমে যায়। কিউট্র্যাকের সাথে অন্যান্য বালাইনাশকের প্রয়োজন পড়ে না তাই বালাইনাশকের ব্যবহার তাৎপর্যপূর্ণভাবে হ্রাস পায় বা সম্পূর্ণরূপে বন্ধ হয়।

কিউট্র্যাক যেভাবে কাজ করে:

কিউট্র্যাকে উপস্থিত ফেরোমনের আকর্ষণে ফলের পুরুষ মাছি পোকা আকর্ষিত হয় এবং কিউট্র্যাকে উপস্থিত কীটনাশকের সংস্পর্শে মারা যায়।

কিউট্র্যাক ব্যবহারের সুবিধা

- ✓ সহজেই ব্যবহারযোগ্য, নিরাপদ, কার্যকর ও পরিবেশবান্ধব পদ্ধতি
- ✓ ফলে কোনো কীটনাশকের অবশিষ্টাংশ থাকে না
- ✓ বালাইনাশকের ব্যবহার তাৎপর্যপূর্ণভাবে হ্রাস পায়
- ✓ পোকামাকড়ের প্রাকৃতিক শত্রুর কোনো ক্ষতি করে না
- ✓ কিউট্র্যাক ব্যবহারে আলাদাভাবে কোনো ফাঁদ ব্যবহারের প্রয়োজন পড়ে না

টার্গেট পোকা

কুমড়া জাতীয় ফসলের
পুরুষ মাছি পোকা
(Fruit Fly)
Bactrocera cucurbitae

টার্গেট ফসল

- ✓ লাউ
- ✓ কুমড়া
- ✓ মিষ্টি কুমড়া
- ✓ করল্লা
- ✓ বাঙ্গী ও অন্যান্য কুমড়া জাতীয় ফসল।
- ✓ শসা
- ✓ ঝিঙ্গা
- ✓ ক্ষীরা
- ✓ তরমুজ

প্রয়োগ মাত্রা

প্রতি হেক্টরে ২৫-৫০ স্পট।

